

2 0 2 3

BENGALI

( Honours Generic/Regular )

Paper : BEN-HG/RC-3016

( উনিশ শতকের সাহিত্যপাঠ )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

(ক) 'মেঘনাদবধ কাব্য' -এ রাবণের মন্ত্রীর নাম কী ?

(খ) "নিশার \_\_\_\_\_ সম তোর এ বারতা,  
রে দৃত!"

( শূন্যস্থান পূরণ করো )

(গ) 'মেঘনাদবধ কাব্য'-এর সূচনায় কবি মধুসূদন দত্ত কোন্  
রসে কাব্য-রচনার অভিপ্রায় প্রকাশ করেছেন ?

(ঘ) 'সুরবালা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঙ) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় কবি 'দিনেকের স্বাধীনতা'কে  
কীসের সঙ্গে তুলনা করেছেন ?

- (চ) “অই শুন! অই শুন! ভেরীর আওয়াজ হে,”  
‘ভেরী’ শব্দের অর্থ কী?
- (ছ) লবঙ্গলতার পিত্রালয় কোথায় ছিল?
- (জ) শচীন্দ্রনাথের পিতার নাম কী?
- (ঝ) অমরনাথ রজনীর জন্মবৃত্তান্ত কার কাছ থেকে শুনেছিল?
- (ঞ) ‘রজনী’ উপন্যাস প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

- (ক) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থের প্রথম সর্গে বর্ণিত কাহিনিতে মেঘনাদ স্ত্রীর সঙ্গে কোথায় ছিলেন? তাঁর স্ত্রীর নাম কী?
- (খ) “এ বিলাপ কভু, দেবি, সাজে কি তোমারে?”  
বক্তা কে? তিনি কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন?
- (গ) কবি বিহারীলাল চক্রবর্তীর জন্ম ও মৃত্যুর সাল উল্লেখ করো।
- (ঘ) ‘মৃত্যু-সুহৃৎ’ কবিতায় উল্লেখিত দুটি ঋতুর নাম লেখো।
- (ঙ) “মনে মনে তাহাকে শতবার পোড়ারমুখী বলিয়া গালি দিলাম।” বক্তা কে? সে কাকে ‘পোড়ারমুখী’ বলে গালি দিয়েছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) :  $৫ \times ৪ = ২০$

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“হায় সূর্ণগথা,  
কি কুক্ষণে দেখেছিলি, তুই রে অভাগী,  
কাল পঞ্চবটীবনে কালকূটে ভরা  
এ ভুজ্জগে?”

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এ দৃতমুখে বর্ণিত যুদ্ধক্ষেত্রে বীরবাহুর বীরত্বের বিবরণ দাও।

(গ) গোপাল ও রজনীর বিবাহ ব্যর্থ করার জন্য চাঁপা কীভাবে ষড়যন্ত্র করেছিল? তার পরিণাম কী হয়েছিল, সংক্ষেপে আলোচনা করো।  $২ + ৩ = ৫$

(ঘ) ‘রজনী’ উপন্যাসে অমরনাথের সঙ্গে লবঙ্গলতার বিবাহ সম্পন্ন না হওয়ার কারণ সম্পর্কে যথাযথ আলোচনা করো।

(ঙ) কবি মানকুমারী বসুর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) দেশপ্রেমের কবিতা হিসেবে ‘স্বাধীনতা সঙ্গীত’ কবিতাটির সার্থকতা বিচার করো।

৪। (ক) ‘মেঘনাদবধ কাব্য’ গ্রন্থের প্রথম সর্গ অনুসরণে রাক্ষস চরিত্র-চিত্রণে মধুসূদনের কৃতিত্ব আলোচনা করো।  $১০$

অথবা

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে লক্ষ্মী চরিত্রের ভূমিকা নির্ণয় করো।

- ৫। (ক) 'মৃত্যু-সুহৃৎ' কবিতায় ব্যক্ত কবির মৃত্যু-চেতনার স্বরূপ  
স্পষ্ট করো।

১০

অথবা

- (খ) 'শ্রাবণে' কবিতায় কবি বর্ষা ঋতুর যে বিষণ্ণ-মাধুরীর রূপ  
অঙ্কন করেছেন তার বর্ণনা দাও।

- ৬। (ক) 'রজনী' উপন্যাসের রজনী চরিত্র সৃষ্টিতে উপন্যাসিকের  
কৃতিত্বের পরিমাপ করো।

১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

- ৭। (ক) 'সুরবালা' কবিতার বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে  
আলোচনা করো।

১০

অথবা

- (খ) 'রজনী' উপন্যাসে চিত্রিত তৎকালীন সমাজজীবনের  
পরিচয় দাও।

\*\*\*